



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

## যাদের মূর্খতা বৃদ্ধি পায় শিক্ষার্জনে

আস-সলামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম। আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন। মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা, দাস্তুর, মাদাদ ইয়া শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, মাদাদ। তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

জ্ঞান একটি সুবিশাল মহাসাগর কিন্তু জ্ঞানের সারমর্ম হচ্ছে আল্লাহ্ প্রতি ভয়। হাযরাত আলী (রাঃ) বলেন, "জ্ঞানের সারমর্ম হচ্ছে মাখাফাতুল্লাহ।" মাখাফাতুল্লাহ মানে আল্লাহ্কে ভয় করা। আল্লাহ্কে ভয় করা এবং আল্লাহ্ যা চান তা করাই গুরুত্বপূর্ণ।

আল্লাহ্ তা'আলার প্রথম আদেশ হচ্ছে আমাদের পবিত্র নাবী (সাঃ) কে উচ্চ সম্মান প্রদর্শন করা। এখন বহুলোক আছে যারা বিভিন্ন জায়গায় পড়ালেখা করে। ইসলামী জ্ঞান অর্জনকারীরাও এখন অনেক যারা এখানে সেখানে পড়তে যায় এবং ইউনিভার্সিটিতে পড়ে। তাদের দাস্তিকতা বৃদ্ধি পায় পড়ালেখার সাথে সাথে এবং তারা হয়ে ওঠে অহংকারী এবং দেমাগী। যতদিন না তোমার জ্ঞান তোমাকে আখিরাতের উপকার দিবে অথবা তা অন্য মানুষদের উপকারে আসবে, ততদিন তোমার জ্ঞান মূল্যহীন। অতএব, প্রথম জিনিস তাদের শেখা উচিত আমাদের পবিত্র নাবী (সাঃ) কে উচ্চ মর্যাদা দেয়া এবং আমাদের পবিত্র নাবী (সাঃ) কে ভালোবাসা। যখন তারা সেটা করবে তখন আর কোনকিছুই তাদের কোন ক্ষতি করতে পারবে না। কিন্তু যদি তারা পবিত্র নাবী (সাঃ) এর মর্যাদা এবং ভালোবাসা ভুলে গিয়ে কোন কাজ করার চেষ্টা করে, তা তাদের কোন উপকারে আসবে না।

এই মাস মাওলিদের মাস, আল্লাহ্‌র শুকরিয়া। এ বছর আমাদের পবিত্র নাবী (সাঃ) এর মাওলিদ শারীফের জন্য সব জায়গায় অনেক উৎসব হয়েছে।



## হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

লেবাননের একটি অত্যন্ত সুন্দর শহর ত্রিপোলি। শেইখ মাওলানা (কাঃসিঃ) জায়গাটিকে ভালোবাসতেন। মানুষেরা সেখানে আহলে সুনাত ওয়াল জামাতের অনুসারী এবং তারা তারিকাত ভালোবাসে। আমরা যেসব শিক্ষিত-মূর্খ লোকদের কথা বলছি তারা ত্রিপোলিতে গত বছর জ্বালাতন করেছে। আল্লাহ্ (জাঃজাঃ) এর হিকমাত যে আমাদের ভাইয়েরা সেখানে গত বছর কিছুই করতে পারেনি এবং সেখানে অনেক মুশকিল হয়েছিল। এই বছর সেসব লোকের উপর আল্লাহ্র ক্রোধ এবং গজব পতিত হয়েছে এবং তারা সবাই গ্রেফতার হয়ে চলে গেছে। এই বছর পুরো ত্রিপোলি শহর আলোকজ্বল ছিল। সেখানে মাওলিদ এবং ভালো আমল করা হয়েছে আমাদের পবিত্র নাবী (সাঃ) এর জন্য। পবিত্র নাবী (সাঃ) এর সম্মানে পুরো লেবানন উৎসব করেছে।

যখন আমাদের পবিত্র নাবী (সাঃ) কে সম্মান করা হয়, বারাকাত নেমে আসে এবং নূর নেমে আসে। মানুষের মনের ভেতর এ ব্যাপারটি ঢোকানো জরুরী। যারা তাদের মনে এটি ঢোকায় না তারা নির্বোধ। এসব লোকদের কোন জ্ঞানবুদ্ধি নেই। এসব লোকদের কথা শুনোনা এবং এদের অনুসরণ কোরোনা।

অবশ্যই তুর্কী ভাষায় অনেক গালি আছে, তোমরা জানোও সেগুলো। যেমন, তোমরা যদি এই এই রকম একটি প্রাণীর পিছে ভাগো তাহলে সেটি তোমাকে সবচেয়ে খারাপ এবং সবচেয়ে নোংরা এই এই জায়গায় নিয়ে যাবে। ওই লোকগুলোও ঠিক এরকম। আমরা ভোরবেলা গালি ব্যবহার করে মুখ নোংরা না করি। কিন্তু যারা আমাদের পবিত্র নাবী (সাঃ) কে উচ্চ সম্মান দেয় না এবং উনাকে অসম্মান করে কথা বলে, তারা ঠিক গালির সেই প্রাণীটির মত। একই।

আল্লাহ্ আমাদের হিফাযাত করুন তাদের অনিষ্ট থেকে। এদেরকে কৃতিত্ব দেয় কিছু মূর্খ লোক যারা সত্যিকার অর্থে শিক্ষিত নয়, সেসব লোক যাদের শিক্ষার সাথে সাথে মূর্খতাও বাড়তে থাকে। তাদেরকে কৃতিত্ব দিও না। একারণেই যারা



## হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

ইসলামী জ্ঞান অর্জন করতে চায় তাদেরকে প্রথমে সংযুক্ত হতে হবে একজন মুর্শিদেব সাথে। জামাতের সাথে নয়, তারিকাতই একমাত্র সত্য পথে নিতে পারে। জামাত দুনিয়ার জন্য কাজ করে এবং আমাদের পবিত্র নাবী (সাঃ) এর সাথে তাদের কোন সংযোগ নেই। আল্লাহ আমাদের সঠিক পথে থাকার তাওফিক দান করুন। আমরা যেন সঠিক পথ থেকে সরে না যাই ইনশাআল্লাহ। আমরা যেন অটল থাকি।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল

২৮ ডিসেম্বর ২০১৫, আকবাবা দারগাহ, ফজর নামায।